

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৮৪/২০১৬

অভিযোগকারী : জনাব রাশেদ আহমেদ

পিতা-মোঃ আব্দুল মজিদ
বর্তমান ঠিকানা-গাজী বাড়ি
ডি-১৮/১, তালবাগ
সাভার, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ শফিকুর রহমান

প্রোগ্রামার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
এম,আই,এস ইউনিট
১৪ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী স্মরণী
কাকরাইল, ঢাকা-১০০০।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ০৫-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী জনাব রাশেদ আহমেদ ২৮-০২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে তথ্য প্রদানকারী কর্মকর্তা, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ডিপিএইচই ভবন, ১৪ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী স্মরণী, কাকরাইল, ঢাকা-১০০০ বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. জানুয়ারী ২০১৩ সাল হতে ডিসেম্বর ২০১৫ সালের মধ্যে উক্ত কার্যালয়ের অধীনে ৩য় ও ৪র্থ শ্রেণীর মোট কতজন কর্মচারী (মাষ্টাররোল বা অন্যান্য ক্যাটাগরিতে) নিয়োগ প্রদান করা হয়েছে? নাম, পদবী, বর্তমান কর্মস্থল ও নিয়োগপত্রের অবিকল ফটোকপি পেতে চাই।
২. উক্ত কর্মচারীদের নিয়োগ প্রদানের ক্ষেত্রে নিয়োগ কমিটির কোন সুপারিশ ছিল কিনা? থাকলে তার অবিকল ফটোকপি পেতে চাই। কী শর্তে, কোন মেয়াদে, কোন প্রক্রিয়ায় নিয়োগ প্রদান করা হয়েছে লিখিত জবাব চাই।
৩. নিয়োগ প্রক্রিয়ায় কোন পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়, বাছাই পরীক্ষায় অংশ গ্রহণকারী চাকুরী প্রার্থীদের তালিকাসহ প্রাপ্ত নাম্বার চাই। উক্ত প্রক্রিয়ায় জড়িত নিয়োগ কমিটির সদস্যদের পরিচিতি জানতে চাই।
৪. উক্ত কর্মচারীদের বেতন ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা বাবদ সরকারী খরচে কত টাকা ব্যয় হয়েছে? উক্ত নিয়োগের ক্ষেত্রে সরকারি যে নিয়োগ বিধিমালা অনুসরণ করা হয়েছে তার অবিকল ফটোকপি পেতে চাই।
৫. উক্ত বিষয়ের সাথে জড়িত যাবতীয় মূল নথি দেখতে চাই।

০২। আবেদনটি প্রাপক গ্রহণ না করে ফেরত প্রদান করলে অভিযোগকারী আপীল আবেদন না করেই ১৪-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ১০-০৪-২০১৬ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ০৫-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব রাশেদ আহমেদ হাজির। প্রতিপক্ষ জনাব মোঃ শফিকুর রহমান, প্রোগ্রামার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, এম,আই,এস ইউনিট, ১৪ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী স্মরণী, কাকরাইল, ঢাকা-১০০০ হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্যাদি চেয়ে আবেদন করেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) আবেদন গ্রহণ না করায় তিনি কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৫। প্রতিপক্ষ প্রোগ্রামার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদনপত্র তিনি প্রাপ্ত হননি। তথ্য কমিশনের সমন পেয়ে বিষয়টি জানতে পেরেছেন। বিভিন্ন অফিসের তথ্য সম্বলিত বিধায় তথ্য সংগ্রহ করতে সময়ের প্রয়োজন। তিনি তথ্য সংগ্রহপূর্বক অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য প্রাপ্তির আবেদন পাননি। তথ্য কমিশনের সমন পেয়ে বিষয়টি জেনেছেন। বিভিন্ন অফিসের তথ্য সম্বলিত বিধায় তথ্য সংগ্রহ করতে সময়ের প্রয়োজনীয়তা রয়েছে। তথ্য সংগ্রহপূর্বক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্তপত্র প্রাপ্তির ১৫ দিনের মধ্যে বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য প্রোগ্রামার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), এম,আই,এস ইউনিট, ১৪ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী স্মরণী, কাকরাইল, ঢাকা-১০০০-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার